

## বহুরূপে তুমি দুর্গা

মনিন্দ্র দাস

দুর্গা আমার রেলের ট্রেকে,  
দুর্গা কারখানায় ।  
দুর্গা আমার রান্নাঘরে,  
দুর্গা জগৎসভায় ।।  
দুর্গা আছেন গৃহস্থলীতে,  
দুর্গা হাট বাজারে ।  
দুর্গা আছেন শপিংমলে,  
দুর্গা মাতৃক্রোড়ে ।।  
দুর্গা যাচ্ছেন স্কুল কলেজে,  
দুর্গা ভাঙছেন পাথর ।  
দুর্গা পড়াচ্ছেন স্কুল কলেজে ;  
দুর্গা বেচছেন কাপড় ।।  
দুর্গা আমার হচ্ছেন পাইলট,  
দুর্গা ইঞ্জিনিয়ার ।  
যুদ্ধক্ষেত্রে সৈনিক দুর্গা  
দুর্গা অফিসার ।।  
দুর্গা দিচ্ছেন মাতৃস্নেহ,  
দুর্গা সেবিকা ।  
দুর্গা দিচ্ছেন চিকিৎসাসেবা,  
দুর্গা লেখিকা ।।  
দুর্গা মা, দুর্গা বোন,  
বন্ধু, ভগবান ।  
দুর্গা আছেন বহুরূপে তাই  
দুর্গার জয়গান ।।